# বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
প্রশাসন বিভাগ, সদর দফতর, ঢাকা।

সূত্র নম্বরঃ ৫৩.১৪.০০০০.০০০.১১০.৯৯.০৭৪২.১২/২২২ তারিখঃ ০৯.০৭.২০২৬

চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের কার্যালয়
মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/ইউনিট প্রধান
বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
..............................বিভাগ (সকল)
সদর দফতর, ঢাকা।

এবং

জোনাল ম্যানেজার
বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
জোনাল অফিস (সকল)
.......................।

বিষয় ঃ কর্মকর্তা-কর্মচারীগণের মেধাবী সন্তানদের ২০২০ হতে ২০২৪ পর্যন্ত শিক্ষাবৃত্তির পুন: আবেদন এবং ২০২৫ সালের শিক্ষাবৃত্তির নতুন আবেদন সংগ্রহ সংক্রান্ত।
সূত্র ঃ সদর দফতর প্রশাসন বিভাগ এর সার্কুলার নম্বরঃ ০০১.৯৬৪.২০১৪; তারিখ-২০-১১-২০১৪।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত সার্কুলার এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।
সূত্রোক্ত সার্কুলার মোতাবেক আপনার অফিসের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীগণের এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী সন্তানদের ২০২০ হতে ২০২৪ (যারা পূর্বে আবেদন করেননি) এবং ২০২৫ সালের শিক্ষাবৃত্তির আবেদন সংগ্রহ করে (হার্ডকপি) নিম্নোক্ত ছক অনুযায়ী আগামী **২০.০৭.২০২৬ তারিখের মধ্যে সদর দফতর, প্রশাসন বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো :**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| শিক্ষার্থীর নাম | ঃ | | পাশের সন | ঃ | |
| পিতার নাম | ঃ | | উত্তীর্ণ শ্রেণি | ঃ | |
| মাতার নাম | ঃ | | প্রাপ্ত জিপিএ | ঃ | |
| কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর নাম (পি.এফ), পদবী, কর্মস্থল | ঃ | | রোল নম্বর | ঃ | |
| শিক্ষা প্রতিষ্ঠানের নাম | ঃ | | রেজিষ্ট্রেশন নম্বর | ঃ | |
| শিক্ষা বোর্ডের নাম | ঃ | | জেলা শহরের নাম | ঃ | |

আবেদন পত্রের সাথে নির্ধারিত ফলাফলের প্রমাণক (মার্কশীট) এবং অধ্যয়নরত আছে মর্মে বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্রের মূল কপি দাখিল করতে হবে। **উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবেনা।**

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

০৯/৭/২০২৬
(আবু বকর সিদ্দিক খান)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
তারিখঃ ০৯.০৭.২০২৬

সূত্র নম্বরঃ ৫৩.১৪.০০০০.০০০.১১০.৯৯.০৭৪২.১২/২২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ
০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি (অপারেশন) বিভাগ, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা; (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। শাখা ম্যানেজার, বিএইচবিএফসি, (সকল).......................;
০৩। সংশ্লিষ্ট নথি/অফিস আদেশ কপি/মাস্টার কপি।

09.07.2026
(আমান উল্লাহ আমান)
সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন)

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

প্রশাসন বিভাগ, সদর দফতর, ঢাকা।

সার্কুলার নম্বরঃ ০০১.৭৬৪.২০১৪ তারিখঃ ২০.১১.২০১৪ খ্রি.

বিগত ২০.০৮.২০১৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪০৮-তম সভায় বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের অনুমোদন প্রদান করা হয়। নিম্নোক্ত যোগ্যতা ও পদ্ধতি অনুসরণপূর্বক শিক্ষাবৃত্তি ২০১৪ সাল হতে কার্যকর হবে --

| ক্রমিক নং | পরীক্ষার ধরণ | শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান | বিষয় | ফলাফল (সর্বনিম্ন) | এককালীন প্রদেয় বৃত্তির পরিমাণ | সনদ পত্র |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| ০১. | প্রাথমিক স্কুল সার্টিফিকেট | সকল পর্যায়ে | সকল | জি.পি.এ- ৫ | ৫,০০০.০০ টাকা | ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র। |
| ০২. | জুনিয়র স্কুল সার্টিফিকেট | বিভাগীয় শহর | সকল | জি.পি.এ- ৫ | ৭,০০০.০০ টাকা | |
| | | বিভাগীয় শহর ব্যতীত অন্যান্য অঞ্চলে | সকল | জি.পি.এ- ৪.৫ | | |
| ০৩. | এস.এস.সি ও সমমান | বিভাগীয় শহর | বিজ্ঞান | জি.পি.এ- ৫ | ৮,০০০.০০ টাকা | |
| | | | বাণিজ্য | জি.পি.এ- ৫ | | |
| | | | কলা | জি.পি.এ- ৫ | | |
| | | বিভাগীয় শহর ব্যতীত অন্যান্য অঞ্চলে | বিজ্ঞান | জি.পি.এ- ৫ | | |
| | | | বাণিজ্য | জি.পি.এ- ৪.৭৫ | | |
| | | | কলা | জি.পি.এ- ৪.৫০ | | |
| ০৪. | এইচ.এস.সি ও সমমান | বিভাগীয় শহর | বিজ্ঞান | জি.পি.এ- ৫ | ১০,০০০.০০ টাকা | |
| | | | বাণিজ্য | জি.পি.এ- ৫ | | |
| | | | কলা | জি.পি.এ- ৪.৭৫ | | |
| | | বিভাগীয় শহর ব্যতীত অন্যান্য অঞ্চলে | বিজ্ঞান | জি.পি.এ- ৪.৭৫ | | |
| | | | বাণিজ্য | জি.পি.এ- ৪.৫০ | | |
| | | | কলা | জি.পি.এ- ৪.৫০ | | |

২.০ ঃ <u>শিক্ষাবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে যোগ্যতা ঃ</u>

(ক) শিক্ষাবৃত্তি প্রদানের ক্ষেত্রে কর্পোরেশনে কর্মরত স্থায়ী কর্মকর্তা-কর্মচারীগণের মেধাবী সন্তানদের বিবেচনা করা হবে।

(খ) উপরোক্ত 'ছক' -এ উল্লেখিত যোগ্যতা অনুযায়ী এককালীন শিক্ষাবৃত্তি প্রদান করা হবে।

৩.০ ঃ <u>শিক্ষাবৃত্তি প্রদানের পদ্ধতি ঃ</u>

(ক) প্রতি অর্থ বছরে কর্মচারী কল্যাণ তহবিল হতে উক্ত শিক্ষা বৃত্তি প্রদানের জন্য নির্দিষ্ট পরিমাণ অর্থ বরাদ্দ রাখা হবে।

(খ) নির্দিষ্ট পরীক্ষার ফলাফলের পর উক্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে কোন কর্মকর্তা/কর্মচারীর সন্তান শিক্ষাবৃত্তি প্রাপ্তির যোগ্য হলে সেক্ষেত্রে ফলাফল প্রদানের এক মাসের মধ্যে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয় বরাবর ফলাফলের প্রমাণকসহ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ দরখাস্ত দাখিল করবেন।

(গ) শিক্ষাবৃত্তির জন্য আবেদনের ক্ষেত্রে অধ্যয়নরত আছে মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ঘ) শিক্ষাবৃত্তির জন্য দাখিলকৃত দরখাস্তসমূহ যাচাই-বাছাই করে বৃত্তির সুপারিশ করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠিত হবে।

<u>কমিটি ঃ</u>

(০১) মহাব্যবস্থাপক (প্রশাসন) - সভাপতি
(০২) উপ-মহাব্যবস্থাপক (অডিট) - সদস্য
(০৩) উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) - সদস্য
(০৪) উপ-মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) - সদস্য
(০৫) সহকারী মহাব্যবস্থাপক (প্রশাসন) - সদস্য সচিব

(ঙ) সকল পর্যায়ের ক্ষেত্রে কমিটি কর্তৃক সুপারিশকৃত কর্মকর্তা-কর্মচারীগণের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর অনুমোদনক্রমে প্রদান করা হবে।

৪.০ ঃ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র সার্কুলার জারী করা হলো।

স্বাক্ষরিত/-

(আফরোজা গুল নাহার)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
তারিখঃ২০.১১.২০১৪ খ্রি.

সূত্র নম্বর ঃ এইচবি/এইচও/এডি-৭৪২/ ৬৮৪৭(৫০)

অনুলিপি ঃ

০১। মহাব্যবস্থাপক (সকল)................................;

০২। উপ-মহাব্যবস্থাপক (সকল)........................... ;

০৩। জোনাল ম্যানেজার (সকল) .......................... ;

০৪। রিজিওনাল ম্যানেজার (সকল) ....................... ;

০৫। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা ;

০৬। ক্যাম্প ইনচার্জ, বিএইচবিএফসি, ক্যাম্প অফিস, চুয়াডাঙ্গা ;

০৭। সংশ্লিষ্ট নথি/ অফিস আদেশ কপি/ মাষ্টার কপি।

২৪/১১/১৪

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)